সংবাদ

তারিখ 27 JAN 2009
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# বিএম কলেজের ২০ শিক্ষার্থীর জাল সনদ : তদন্ত কমিটি

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল বিএম কলেজে ২০ শিক্ষার্থীর সনদ জালিয়াতির ঘটনা ধরা পড়েছে। তারা কলেজের কতিপয় কর্মচারীদের সহযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে জাল মার্কশিট উত্তোলন করেছিল। সংশ্লিষ্ট কর্মচারীদের শনাক্ত করার জন্য কলেজ কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করেছে। বিএম কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মো. আনসারউদ্দিন সাংবাদিকদের কাছে এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

কলেজের বিভিন্ন সূত্র থেকে জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের একদল অসাধু কর্মচারী বিভিন্ন কলেজের কর্মচারীদের সহায়তায় ফেল করা ও তৃতীয় বিভাগ পাওয়া শিক্ষার্থীদের জাল মার্কশিট সরবরাহ করে আসছে। আর এর বিনিময়ে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ১৫-২০ হাজার টাকা আদায় করা হয়। পরে পরীক্ষা নিয়ন্ত্রক ও নিজ নিজ কলেজের অধ্যক্ষের সই জাল করে একটি সংশোধিত বিজ্ঞপ্তি দেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজের বিজ্ঞপ্তি অনুযায়ী কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে প্রত্যয়নপত্র প্রদান করে আসছিল। বহু বছর ধরে এ জালিয়াতির ঘটনা ঘটলেও কর্মচারীদের অসহযোগিতার কারণে ঘটনাটি কলেজ প্রশাসনের দৃষ্টিগোচর হয়নি।

সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বিএম কলেজের ২০ শিক্ষার্থীর এ ধরনের সংশোধিত বিজ্ঞপ্তি আসলে কলেজের একটি বিভাগের শিক্ষকদের কাছে এ জালিয়াতির ঘটনা ধরা পড়ে। কলেজের উপাধ্যক্ষের নেতৃত্বে একটি কমিটি অন্যান্য সংশোধিত বিজ্ঞপ্তি যাচাই করলে আরও ২০ শিক্ষার্থীর জালিয়াতির ঘটনা ধরা পড়ে।